



# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”



## নোভেল করোনা ভাইরাস (২০১৯-nCoV) প্রতিরোধে করণীয়

করোনা এক ধরণের সংক্রমক ভাইরাস। ভাইরাসটি পত/পাখি হতে সংক্রমিত হয়ে থাকে। চীনসহ পৃথিবীর কয়েকটি দেশে বর্তমানে ২০১৯- nCoV (মার্স ও সার্স সমগোত্রীয় করোনা ভাইরাস) এর সংক্রমণ দেখা যাচ্ছে। আপনি যদি এসব দেশ ভ্রমণ করে থাকেন এবং ফিরে আসার ১৪ দিনের মধ্যে জ্বর (১০০° ফারেনহাইট/৩৮° সেন্টিগ্রেড এর বেশী), গলাব্যথা, কাশি ও শ্বাসকষ্ট দেখা দিলে আপনার দেহে ২০১৯- nCoV ভাইরাস সংক্রমণের সম্ভাবনা থাকতে পারে। সেক্ষেত্রে আপনি অতিসত্ত্বর সরকারী স্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করুন।

প্রয়োজনে আইইডিসিআর-এর নিম্নোক্ত হটলাইন নম্বরে যোগাযোগ করুনঃ

০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১, ০১৯২৭৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫

### কিভাবে ছড়ায়-

- আক্রান্ত ব্যক্তির হাঁচি কাঁশির মাধ্যমে
- আক্রান্ত ব্যক্তিকে স্পর্শ করলে
- পত/পাখি বা গবাদি পশুর মাধ্যমে

### প্রতিরোধের উপায়

- সাবান পানি দিয়ে হাত ধোয়া
- হাত না ধুয়ে চোখ, মুখ ও নাক স্পর্শ না করা
- হাঁচি কাঁশি দেয়ার সময় মুখ ঢেকে রাখা
- অসুস্থ পত/পাখির সংস্পর্শে না আসা
- মাছ, মাংস ভালভাবে রান্না করে খাওয়া

জরুরী প্রয়োজন ব্যতীত চীন ভ্রমণ করা থেকে বিরত থাকুন এবং প্রয়োজন ব্যতীত এ সময়ে বাংলাদেশ ভ্রমণে নিরুৎসাহিত করুন। অত্যাবশ্যকীয় ভ্রমণে সাবধানতা অবলম্বন করুন।



স্বাস্থ্য অধিদপ্তর  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়